



জেলা পরিষদ

ময়মনসিংহ

www.zpmymensingh.org.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০১.৪৬.০০১.১৫-৬০৮

তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪৩০
০৫ জুন, ২০২৩

গাছ নিলাম বিক্রয়ের পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

ময়মনসিংহ জেলা পরিষদের মালিকানাধীন গাজিপুর (গৌরীপুর)-আনন্দগঞ্জ-মধুপুর বাজার-দেওয়ানগঞ্জ বাজার-হোসেনপুর জেলা মহাসড়ক (ময়মনসিংহ জেলার অংশ) প্রসঙ্গকরণ ও উন্নয়নের জন্য রাস্তার উভয় পার্শ্বের গাছ ক্রয়ে ইচ্ছুক কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরযুক্ত আবদ্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

উপজেলার নাম	প্যাকেজ নং	গাছের প্রজাতি	গাছের সংখ্যা
গৌরীপুর	০১/গৌরীপুর থেকে ০৫/গৌরীপুর	বিভিন্ন প্রজাতি	(০১-৫৪৫)৫৪৫টি
ঈশ্বরগঞ্জ	০১/ঈশ্বরগঞ্জ থেকে ০৯/ঈশ্বরগঞ্জ	বিভিন্ন প্রজাতি	(০১-৯০৯)৯০৯টি
নান্দাইল	০১/নান্দাইল থেকে ০৭/নান্দাইল	বিভিন্ন প্রজাতি	(০১-৭৪৯)৭৪৯টি

- (ক) দরপত্র সিডিউলের মূল্য: প্রতি প্যাকেজ ১০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য)।
(খ) দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ ও জেলা পরিষদ কার্যালয়, ময়মনসিংহ।
(গ) নিম্নঘোষিত যে কোন পর্যায়ে প্রত্যাশিত দর পাওয়া গেলে পরবর্তী পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলার প্যাকেজ এর সিডিউল আর বিক্রয় করা হবে না।

পর্যায়	সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
৫ম	১৪/০৬/২৩খ্রিঃ বিকাল ৪.০০টা	১৫/০৬/২৩খ্রিঃ দুপুর ১.০০টা	১৫/০৬/২৩খ্রিঃ বিকাল ৩.০০টা

শর্তাবলী:

- ০১। দরপত্রে উদ্বৃত্ত দরের সাকুল্য টাকা প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০২। দরপত্র দাতাকে উদ্বৃত্ত দরের উপর বিধি মোতাবেক ৭.৫০% ভ্যাট ও ১০% আয়করের টাকা দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৩। দরপত্রের সহিত হালনাগাদ ব্যবসায়িক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, ভ্যাট ও আয়কর সনদপত্র দাখিল করতে হবে।
- ০৪। দরপত্রে কোন অসঙ্গতি/অস্পষ্ট বা লিখার উপর কাটাকাটি, ঘষামাজা দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫। দরপত্র গৃহীত হলে গাছ কর্তনের পর বন বিভাগের সংশ্লিষ্ট দপ্তর হতে বনজঙ্গলের "পাশ হাতুরীর ছাপ" এবং কর্তনকৃত বনজঙ্গল পরিবহণের জন্য "বনজঙ্গল পরিবহণ পাশ" গ্রহণ করতে হবে।
- ০৬। দরপত্র দাতা কর্তৃক দাখিলকৃত দর গৃহীত হওয়ার পর গাছ নিজ খরচে কর্তন পূর্বক ০৭ (সাত) দিনের মধ্যে উক্ত স্থান হতে নিরাপদ দূরত্বে সরিয়ে নিতে হবে। এতে ব্যর্থ হলে উদ্বৃত্ত দরের সাকুল্য টাকা বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে।
- ০৭। সরেজমিনে বর্ণিত গাছ পরিদর্শন করে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে। পরবর্তীতে কোন অভিযোগ গ্রহণযোগ্য নহে।
- ০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(লীরা তরফদার)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ময়মনসিংহ

ইমেইল: ceozpmym@gmail.com

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০১.৪৬.০০১.১৫-৬০৮(৬০)

তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪৩০
০৫ জুন, ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৩। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গনপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।
- ০৫। বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ বন বিভাগ, ময়মনসিংহ।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গৌরীপুর/ঈশ্বরগঞ্জ/নান্দাইল, ময়মনসিংহ।
- ০৭। সম্পাদক, দৈনিক প্রথম কথা/দৈনিক ময়মনসিংহ প্রতিদিন। উল্লিখিত বিজ্ঞপ্তি আগামী ০৭/০৬/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে আপনার পত্রিকায় ভিতরের পাতায় ০৩ (তিন) কলাম ০৬ (ছয়) ইঞ্চি আকারে প্রকাশ ও প্রচার করে ০২ (দুই) কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।
- ০৮। নোটিশ বোর্ড, জেলা পরিষদ ময়মনসিংহ।
- ০৯। অফিস নথি।

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ময়মনসিংহ।